দৈনিক
ইত্তেফাক

তারিখ 26 APR 2017

# সাতক্ষীরা সদরে ইভটিজিংয়ের শিকার স্কুলছাত্রীরা

## অভিভাবকরা উদ্বিগ্ন

■ **সাতক্ষীরা প্রতিনিধি**

সাতক্ষীরা সদর উপজেলার ব্রহ্মরাজপুরে স্কুলপড়ুয়া ছাত্রীরা স্কুলে ও প্রাইভেট পড়তে যাওয়ার পথে বহিরাগত ও বখাটে যুবকদের দ্বারা ইভটিজিংয়ের শিকার হচ্ছে। এ নিয়ে অভিভাবক মহল উদ্বিগ্ন হয়ে পড়েছেন। সম্প্রতি ইভটিজিং-এর শিকার এক স্কুলছাত্রীর বাবা সদর থানায় অভিযোগও দায়ের করেছেন।

জানা গেছে, ব্রহ্মরাজপুর বাজার সংলগ্ন ডিবি ইউনাইটেড হাইস্কুল ও ডিবি গার্লস হাইস্কুলের ছাত্রীরা স্কুলে আসা-যাওয়ার পথে বহিরাগত ও বখাটে যুবকরা বিভিন্নভাবে উত্ত্যক্ত করছে। কেউ প্রতিবাদ করার চেষ্টা করলে তাকে মারধর করার হুমকি-ধামকি ও অকথ্য ভাষায় গালিগালাজ করছে। স্কুল শুরু হওয়ার আগে, টিফিনের সময় ও স্কুল ছুটির পর যাতায়াতের সময় ইভটিজিংয়ের শিকার হচ্ছে ছাত্রীরা। এসব ছাত্রী প্রাইভেট পড়তে যাওয়ার সময়ও তাদের পিছু ছাড়ে না বখাটেরা। বিশেষ করে ওই এলাকার ৪ যুবক এই ইভটিজিংয়ের নেতৃত্ব দিচ্ছে। এরা হলো, ব্রহ্মরাজপুর ইউনিয়নের কালেরডাঙ্গা গ্রামের মোঃ আব্দুর রহিম মাস্টারের পুত্র জি.এম আব্দুল্লাহ আল-গালিব (২৫), একই গ্রামের মোঃ আব্দুস সালাম গাজীর পুত্র মোঃ আনিছুর রহমান সাজু (২৮) ও একই গ্রামের মোঃ আব্দুর রশিদ সরদারের পুত্র আল-আমিন (২৩) এবং আশাশুনি উপজেলার কুল্যা গ্রামের মোঃ আনারুল ইসলামের পুত্র মোঃ আরিফ হোসেন (২২)। এদের বিরুদ্ধে এলাকায় অভিযোগের কোনো অন্ত নেই।

সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) ফিরোজ হোসেন মোল্যা অভিযোগ পাওয়ার বিষয়টি স্বীকার করে জানান, ইতোমধ্যে ব্রহ্মরাজপুর পুলিশ ক্যাম্প ইনচার্জ এস,আই নাসির উদ্দিনকে তদন্ত করে আসামিদের গ্রেফতারের নির্দেশ দেওয়া হয়েছে। তিনি আরো জানান, ইভটিজিংকারীদের কোনো ছাড় দেওয়া হবে না।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.....
তারিখ.....

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর